জুলাইয়ের শহীদদের রাষ্ট্রীয় মর্যাদা দিতে হবে: জামায়াত আমির



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, বিভিন্ন সময় তাদের নানা ধরনের লোভনীয় প্রস্তাব দেওয়া হয়েছে, তবে দল সেসব প্রস্তাব ঘৃণাভরে প্রত্যাখ্যান করেছে। জনগণের সঙ্গে কোনো ধরনের বিশ্বাসঘাতকতা করা হবে না বলেও মন্তব্য করেন তিনি।

রোববার (১৯ জুলাই) বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা আয়োজিত 'রক্তাক্ষরে জুলাই' শীর্ষক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

ডা. শফিকুর রহমান বলেন, জুলাই আন্দোলনে যারা প্রাণ দিয়েছেন, তাদের রাষ্ট্রীয়ভাবে যথাযথ সম্মান জানানো উচিত। শুধু আর্থিক সহায়তা দিয়ে দায়িত্ব শেষ করা যাবে না; তাদের আত্মত্যাগ জাতির সামনে মর্যাদার সঙ্গে তুলে ধরতে হবে।

তিনি অভিযোগ করেন, নির্বাচনের আগে সংস্কার ও জুলাই সনদের পক্ষে যে অঙ্গীকার করা হয়েছিল, নির্বাচনের পর সরকার সেখান থেকে সরে এসেছে। পাশাপাশি স্বাধীন বিচার বিভাগ, দুর্নীতি দমন কমিশন (দুদক) এবং নির্বাচন কমিশনকে আরও কার্যকর করার প্রতিশ্রুতিও বাস্তবায়ন করা হয়নি বলে দাবি করেন তিনি।

জামায়াত আমির আরও বলেন, দেশের বিশ্ববিদ্যালয়গুলোতে অতীতের গণরুম ও গেস্টরুম সংস্কৃতি আর ফিরতে দেওয়া হবে না। এ ধরনের পরিবেশ পুনঃপ্রতিষ্ঠার কোনো চেষ্টা হলে তা প্রতিহত করা হবে বলেও তিনি সতর্ক করেন।